# বিগত এক বছরে বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়ার্ক

**-আবিদা সুলতানা**

বাংলাদেশ পুলিশের নারী সদস্যদের সামর্থ ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জাতীয় এবং আন্তর্জাতিকভাবে নারীর উন্নয়নের জন্য গৃহীত লক্ষ্য বাস্তবায়নে সংশ্লিষ্ট ক্ষেত্রে নেতৃত্ব প্রদানের যোগ্যতা অর্জনের লক্ষ্য নিয়ে ২০০৮ সালের ২১ নভেম্বর বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওর্য়াক (বিপিডব্লিউএন) গঠিত হয়। এরপর থেকে পুলিশের নীতি নির্ধারণ প্রক্রিয়াসহ  জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে পেশাদারিত্বের সঙ্গে সকল কার্যক্রমে অংশগ্রহণ ও ফলপ্রসু অবদান রাখার লক্ষ্যে এই সংগঠনটি কাজ করে যাচ্ছে।

**বিপিডব্লিউএন-এর কার্যনির্বাহী কমিটি:**

বিপিডব্লিউএন-এর গঠনতন্ত্র অনুযায়ী এর কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ২৩ সদস্য বিশিষ্ট একটি কার্যনিবার্হী কমিটি দুই বছর মেয়াদে দায়িত্ব পালন করে থাকে। বাংলাদেশের সকল নারী পুলিশের জন্য ভিন্নধর্মী এই সংগঠন প্রতিষ্ঠার পর হতে বিগত সময়ে দুইটি কার্যনিবার্হী কমিটি অত্যন্ত দক্ষতার সাথে দায়িত্ব পালন করে অতি স্বল্প সময়ের মধ্যে এর কার্যক্রম এগিয়ে নিয়েছে অত্যন্ত সফলভাবে। এর তৃতীয় কার্যনির্বাহী কমিটি গত ১৮ এপ্রিল ২০১৩ তারিখে মিলি বিশ্বাস, পিপিএম, অতিঃ পুলিশ কমিশনার (ট্রাফিক) ডিএমপি, ঢাকার সভাপতিত্বে দায়িত্ব গ্রহন করে। দায়িত্ব গ্রহনের পর হতে বর্তমান কমিটি বিপিডব্লিউএন-এর কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার পাশাপাশি এর লক্ষ্য অর্জনে বিভিন্নমূখী দায়িত্ব পালন করে যাচ্ছে। দায়িত্ব গ্রহনের পর হতে অদ্যাবধি বিপিডব্লিউএন বর্তমান কমিটি যেসকল দায়িত্ব পালন করেছে তা নিম্নে বর্ণিত হলো।



মিলি বিশ্বাস, পিপিএম,অতিঃ পুলিশ কমিশনার (ট্রাফিক) ডিএমপি, ঢাকা-র সভাপতি, বিপিডব্লিউএনসহ বিপিডব্লিউএন-এর কার্যনির্বাহী কমিটির সদস্যরা

**ট্রেনিং নিডস্ এসেসমেন্ট কর্মশালাঃ**

গত ৩০ এপ্রিল ২০১৩ তারিখে বিপিডব্লিউএন-এর এই নবগঠিত কমিটির সদস্যরা পিআরপি আয়োজিত ট্রেনিং নিডস্ এসেসমেন্ট কর্মশালায় অংশনেন। দিনব্যাপি চলা এই কর্মশালায় বিপিডব্লিউএন-এর কার্যনির্বাহী কমিটির সদস্যরা দলগত আলোচনা ও মুক্ত আলোচনার মাধ্যমে নারী পুলিশ সদস্যদের জন্য উপযোগী প্রশিক্ষণের ক্ষেত্রসমূহ চিহ্নিত করেন।



মিলি বিশ্বাস, পিপিএম,অতিঃ পুলিশ কমিশনার (ট্রাফিক) ডিএমপি, ঢাকা-র সভাপতি, বিপিডব্লিউএনসহ কার্যনির্বাহী কমিটির সদস্যরা পিআরপি অয়োজিত ট্রেনিং নিডস্ এসেসমেন্ট কর্মশালায় অংশনেন।

**বিপিডব্লিউএন-এর ১ম জাতীয় সম্মেলন ২০১৩:**

পুলিশের সকল পর্যায়ের নারী সদস্যদের মধ্যে পারস্পরিক যোগাযোগ, পেশাগত সক্ষমতা বৃদ্ধি তথা সার্বিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়াকের উদ্যেগে ৬-৭ জুলাই ২০১৩ খ্রিঃ তারিখে পুলিশ টেলিকম অডিটরিআম ও ডিটেকটিভ ট্রেনিং স্কুল রাজারবাগে বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়ার্কের ১ম জাতীয় সম্মেলন ২০১৩ অনুষ্ঠিত হয়। নির্বাহী সচিব বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়াক ও এডিসি (লালবাগ), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, আবিদা সুলতানার সঞ্চালনায় মিলি বিশ্বাস, পিপিএম, অতিরিক্ত পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং সভাপতি বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়ার্কের এর সভাপতিত্তে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ জনাব হাসান মাহমুদ খন্দকার, বিপিএম, পিপিএম,এনডিসি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আয়শা খানম, সভাপতি বাংলাদেশ মহিলা পরিষদ, মোঃ মোখলেসুর রহমান, বিপিএম, অতিরিক্ত আইজিপি, সিআইডি এবং ন্যশনাল প্রজেক্ট ডিরেক্টর পুলিশ রিফর্ম পোগ্রাম (পিআরপি), মি. হেন্‌ক ভ্যান জিল, প্রোজেক্ট ম্যনেজার, পিআরপি এবং বিভিন্ন সরকারী ও বেসরকারী সংস্থার প্রতিনিধি বাংলাদেশ পুলিশের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, সম্মেলনে অংশগ্রহনকারী বিভিন্ন পদবীর নারী পুলিশ কর্মকর্তা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকগণ।




র্বিপিডব্লিউএন-এর ১ম জাতীয় সম্মেলে উপস্থিত সম্মানিত অতিথিবৃন্দ

সমাপনী অনুষ্ঠান শেষে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান ও ডিনারের মধ্য দিয়ে দুই দিন ব্যাপি অনুষ্ঠিত **বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়ার্কের ১ম জাতীয় সম্মেলন ২০১৩** সমাপ্ত হয় ।

উদ্বোধনী অনুষ্ঠানে **বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটর্ওয়াক (বিপিডব্লিউএন)-এর থিম সং এবং মার্চ ২০১৩-এ অনুষ্ঠিত 1st** Asia region women Police Conference -এর উপর নির্মিত একটি প্রমাণ্য চিত্র প্রদর্শণ করা হয় । উদ্বোধনী পর্ব শেষে সারা দেশের বিভিন্ন পুলিশ ইউনিট হতে আসা মোট ১০০ নারী পুলিশ দুই দিন ব্যাপি প্রশিক্ষণে যোগদান করে । প্রশিক্ষণে নিন্মোক্ত বিষয় সমূহের উপর সেশন পরিচালিত হয়:

১. পুলিশি কর্মক্ষেত্রে জেন্ডার সংবেদনশীলতা ।
২. জাতিসংঘ শান্তিরক্ষা (ইউএন) মিশনের কার্যক্রমের পরিধি ও চ্যালেঞ্জ ।
৩. নারী পুলিশের নেতৃত্বের সংকট ও সম্ভাবনা ।
৪. কর্মক্ষেত্রে নারী পুলিশের ভূমিকাঃ সাফল্য ও চ্যালেঞ্জ ।
৫. BPWN (Bangladesh Police Women's Network) এবং IAWP (International Association of Women Police)-এর পরিচিতি ও আলোচনা
৬. মামলা তদন্তে নারী পুলিশের আংশগ্রহণ ও ভূমিকা
৭.





বিপিডব্লিউএন-এর ১ম জাতীয় সম্মেলনে উপস্থিত নারী পুলিশ সদস্য এবং সম্মানিত আমন্ত্রিত অতিথিবৃন্দ ।





বিপিডব্লিউএন-এর ১ম জাতীয় সম্মেলনে কর্মশালায় অংশগ্রহনকারী নারী পুলিশ সদস্য ও

**ঢাকা বিভাগী অঞ্চলের মতবিনিময় সভা ও কো-অর্ডিনেশন কমিটি গঠন:**

বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়ার্কের ঢাকা বিভাগীয় অঞ্চলের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় ৭ সেপ্টেম্বর ২০১৩

খ্রিঃ তারিখে। বিপিডব্লিউএন-এর কার্য নির্বাহী কমিটির ২৩ জন সদস্য, ঢাকা রেঞ্জের ৫০ জন নারী পুলিশ সদস্য ও ঢাকা মেট্রোপলিটন পুলিশের ৩০ জন নারী পুলিশসহ সদস্য বিভিন্ন আমন্ত্রিত অতিথিবৃন্দ অংশগ্রহণ করেন। মিলি বিশ্বাস পিপিএম, অতিরিক্ত পুলিশ কমিশনার ডিএমপি এবং সভাপতি বিপিডব্লিউএন এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ কে এম শহীদুল হক বিপিএম, পিপিএম, অতিরিক্ত আইজিপি (প্রশাসন ও অপারেশন)। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ কমিশনার (এডমিন, অডিট এন্ড ইন্সপেকশন) মোঃ আব্দুল জলিল এবং ঢাকা জেলা পুলিশ সুপার হাবিবুর রহমান বিপিএম পিপিএম। এই অনুষ্ঠানে বিপিডব্লিউএন-এর একটি হেল্পলাইন উদ্বোধন করা হয়।



বিপিডব্লিউএন-এর ঢাকা বিভাগীয় অঞ্চলের মতবিনিময় সভা প্রধান অতিথি এ কে এম শহীদুল হক বিপিএম, পিপিএম, অতিরিক্ত আইজিপি (প্রশাসন ও অপারেশন), **হেল্পলাইন নম্বর ০১৭৮৬-০০০৩১৩** -এ ফোন করে আরে উদ্বোধন করেন।

**বিপিডব্লিউএন হেল্পলাইন** : প্রধান অতিথি এ কে এম শহীদুল হক বিপিএম, পিপিএম, অতিরিক্ত আইজিপি (প্রশাসন ও অপারেশন), **হেল্পলাইন নম্বর ০১৭৮৬-০০০৩১৩**-এ ফোন কল করে আনুষ্ঠানিক ভাবে বিপিডব্লিউএন এর হেল্প লাইন চালু করেন।

**রাজশাহী বিভাগীয় অঞ্চলের মতবিনিময় সভা ও কো-অর্ডিনেশন কমিটি গঠন:**

পিআরপির আর্থিক সহায়তায় গত ৮, ৯ এবং ১০ সেপ্টেম্বর, ২০১৩ বিপিডব্লিউএন কার্যনির্বাহী কমিটির ৪ সদস্য বিশিষ্ট দল রাজশাহী ও রংপুর অঞ্চলের মতবিনিময় সভা ও কো-অর্ডিনেশন কমিটি গঠন কার্যক্রমে যোগদান করেন।




বিপিডব্লিউএন-এর রাজশাহী বিভাগীয় অঞ্চলের মতবিনিময় সভায় উপস্থিত আতিথিবন্দ ও বিপিডবিইএন প্রতিনিধিগণ।

রাজশাহী বিভাগীয় অঞ্চলের মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রাজশাহী রেঞ্জ ডিআইজি মীর শহিদুল হক, বিশেষ অতিথি হিসেবে ছিলেন সরদার তমিজ উদ্দিন আহমেদ, পুলিশ কমিশনার আরএমপি, রাজশাহী ও মোঃ আলমগীর কবীর, পুলিশ সুপার, রাজশাহী। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শামীমা বেগম, উপ-পুলিশ কমিশনার, উইমেন্স সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন ডিভিশন, ডিএমপি, ঢাকা ও সহ-সভাপতি বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়ার্ক। সভায় বিপিডব্লিউএন সহ-সভাপতি রেবেকা সুলতানা, যুগ্মনির্বাহী সচিব ফরিদা ইয়াসমিন ও সমাজকল্যাণ সম্পাদক হামিদা পারভীনসহ রাজশাহী রেঞ্জ ও রাজশাহী মেট্রোপলিটন পুলিশের ৫০ জন নারী পুলিশ সদস্য অংশগ্রহণ করেন।

**পিটিসি রংপুরে বিপিডব্লিউএন এর মতবিনিময় সভাঃ**

গত ৯ সেপ্টেম্বর ২০১৩ইং তারিখে রংপুর পিটিসি বিপিডব্লিউএন-এর এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এ মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন জনাব শামীমা বেগম, সহ-সভাপতি (বিপিডব্লিউএন) ও উপ-পুলিশ কমিশনার, উইমেন সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন ডিভিশন, ডিএমপি, ঢাকা। প্রধান অতিথির আসন অলংকৃত করেন কম্যান্ডেন্ট, পিটিসি রংপুর শেখ ওমর ফারুক (অতিঃ ডিআইজি)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ রশিদুল হাসান, ডেপুটি কম্যান্ডেন্ট, পিটিসি রংপুর।



বিপিডব্লিউএন-এর রংপুর পিটিসিতে মতবিনিময় সভায় উপস্থিত কম্যান্ডেন্ট, পিটিসি রংপুর শেখ ওমর ফারুক মহোদয়কে ক্রেস্ট উপহার দেন বিপিডব্লিইএন প্রতিনিধিগণ।

**সারদা পুলিশ একাডেমীতে এসপি (প্রবি)-দের সাথে মতবিনিময় সভা ঃ**

বিপিডব্লিউএন এর প্রতিনিধি দল গত ৮ সেপ্টেম্বর, ২০১৩ তারিখে সন্ধ্যায় সারদা পুলিশ একাডেমীতে প্রশিক্ষণরত নারী এএসপি (প্রবি)-দের সাথে বিপিডব্লিউএন সংক্রান্ত বিষয়ে মতবিনিময় করেন।



বিপিডব্লিউএন- প্রতিনিধিগণ সারদা পুলিশ একাডেমীতে প্রশিক্ষণরত নারী এএসপি (প্রবি)-দের সাথে বিপিডব্লিউএন সংক্রান্ত বিষয়ে মতবিনিময়

বিপিডব্লিউএন সহ সভাপতি শামীমা বেগম বিপিডব্লিউএন এর লক্ষ্য, উদ্দেশ্যে, অর্জিত সাফল্য নিয়ে প্রশিক্ষর্ণীদের উদ্দেশ্যেএকটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। যার মাধ্যমে প্রশিক্ষর্ণীগণ বিপিডব্লিউএন সম্পর্কে ধারণা অর্জন করেন এবং পেশাদারিত্ব ও দক্ষতা নিয়ে কাজ করার অনুপ্রেরণা লাভ করেন।

**চট্রগ্রাম রেঞ্জ ও সিএমপি'র বিপিডব্লিউএন আঞ্চলিক -কমিটির সাথে মতবিনিময়ঃ**

বিপিডব্লিউএন-এর আয়োজনে ও পিআরপির সহযোগিতায় গত ১২/৮/২০১৪ খ্রিঃ তারিখে মেট্রোপলিটন শুটিং ক্লাব, দামপাড়া, পুলিশ লাইন্স, চট্রগ্রাম-এ সকাল ০৯.০০ ঘটিকায় চট্রগ্রাম রেঞ্জ ও সিএমপি'র বিপিডব্লিউএন আঞ্চলিক কমিটির সাথে এক মত-বিনিময় সভা অনুষ্ঠিত হয়। আবিদা সুলতানা, পিপিএম, অতিঃ উপ-পুলিশ কমিশনার (লালবাগ) ডিএমপি ঢাকা ও নিবার্হী সচিব, বিপিডব্লিউএন-এর সঞ্চালনায় সভার সভাপতিত্ত্ব করেন জনাব, শামীমা বেগম, উপ-পুলিশ কমিশনার (উইমেন সাপোর্ট এন্ড ইনঃ) ডিএমপি ঢাকা ও সহ সভাপতি বিপিডব্লিউএন, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব, আমেনা বেগম, পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা ও সদস্য বিপিডব্লিউএন। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন অনিন্দিতা বড়ূয়া,অতিরিক্ত পুলিশ কমিশনার সিএমপি, মাহমুদা বেগম,সহকারী পুলিশ কমিশনার, সিএমপিসহ চট্রগ্রাম এপিবিএন ও র‌্যাবের নারী পুলিশ কর্মকর্তা এবং চট্রগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও চট্রগ্রাম রেঞ্জ-এর ৮০ জন নারী পুলিশ সদস্যগণ। মাহমুদা বেগম, সহকারী পুলিশ কমিশনার (সদর), সিএমপি চট্রগ্রাম কে সভাপতি এবং তাহ্‌মিনা তাকিয়া, এসি ট্রাফিক-দক্ষিণ), সিএমপিকে সচিব-সদস্য করে বিপিডব্লিউএন চট্রগ্রাম বিভাগীয় কমিটি গঠন করা হয়।





বিপিডব্লিউএন- প্রতিনিধিগণ চট্রগ্রাম রেঞ্জ ও সিএমপি'র বিপিডব্লিউএন আঞ্চলিক -কমিটির সাথে মতবিনিময় মতবিনিময় করেন।

কমিটি গঠনের পর উপস্থিত সদস্যদের মধ্যে বিপিডব্লউএন এর হেল্পলইন নম্বর সংবলিত চাবি রিং ও বিপিডব্লিউএন লিফলেট বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত নারী পুলিশ সদস্যগণ বিভিন্ন বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন। উক্ত অনুষ্ঠান পর্ব সমাপ্ত হলে আবিদা সুলতানা, পিপিএম, অতিঃ উপ-পুলিশ কমিশনার (লালবাগ) ডিএমপি ঢাকা ও নিবার্হী সচিব, বিপিডব্লিউএন- জনাব, শামীমা বেগম, উপ-পুলিশ কমিশনার (উইমেন সাপোর্ট এন্ড ইনঃ) ডিএমপি ঢাকা ও সহ সভাপতি বিপিডব্লিউএন এবং জনাব, আমেনা বেগম, পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা ও সদস্য বিপিডব্লিউএন রেঞ্জ ডিআইজি চট্রগ্রাম জনাব মোঃ নওশের আলী এবং সিএমপি কমিশনার জনাব মোহাঃ শফিকুল ইসলাম-এর সাথে পৃথক ভাবে তাদের কার্যালয়ে সাক্ষাত করেন। সাক্ষাতকালে তাদেঁর বিপিডব্লিউএন এর কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয় এবং বিপিডব্লিউএন এর পক্ষ হতে ক্রেস্ট উপহার হস্তান্তর করা হয়। মাননীয় রেঞ্জ

ডিআইজি ও সিএমপি কমিশনার মহোদয় নারী পুলিশের উন্নয়নের লক্ষ্যে গৃহীত বিপিডব্লিউএন-এর বিভিন্ন কার্যক্রম সম্পর্কে জানতে পেরে বিপিডব্লিউএন কর্তৃপক্ষকে এইসকল কর্মকান্ডের জন্য ধন্যবাদ জানান এবং নারী পুলিশের পেশাগত উন্নয়নের লক্ষ্যে এবং কর্মক্ষেত্রে নারীদের আরো বেশী দক্ষতা আনয়নের জন্য আরো বেশী বেশী প্রশিক্ষণ, সভা, সেমিনার ইত্যাদির আয়োজন করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়া বিভিন্ন পুলিশ ইউনিটে নারী পুলিশকে পেশাগত সকল কাজে নিযুক্ত করার ক্ষেত্রে বিপিডব্লিউএন-কে ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান।

## CHRI-এর নারী পুলিশ সদস্যদের সাথে মত বিনিময়ঃ

Commonwealth Human Rights Initiatives (CHRI) - বিপিডব্লউএন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক বাংলাদেশ পুলিশে কর্মরত নারীদের সাথে মতবিনিময়ের আগ্রহ প্রকাশ করলে বিপিডব্লউএন এর উদ্যোগে ঢাকা, চট্রগ্রাম ও সিলেট বিভাগ-এর নারী পুলিশ সদস্যদের সাথে মতবিনিময়ের ব্যবস্থা করা হয়। CHRI- এর মিস্ অদিতি দত্ত এই তিনটি বিভাগে সকল স্তরের নারী পুলিশ সদস্যদের সাথে মতবিনিময় করেন। এই সকল মত বিনিময় সভায় বিপিডব্লউএন -এর কমিটির নিম্ন বর্ণিত সদস্যগণ দায়িত্ব পালন করেন।

১. ঢাকা- মিলি বিশ্বাস পিপিএম, অতিঃ পুলিশ কমিশনার (ট্রাফিক) ডিএমপি **সভাপতি,** বিপিডব্লউএন, শেহেলো পারভীন, অতিঃ পুলিশ সুপার, টিডিএস, অর্থ সম্পাদক, বিপিডব্লউএনসহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ
২. চট্টগ্রাম- শামীমা বেগম, ডিসি (উইমেন সাপোর্ট এন্ড ইনভেঃ), ডিএমপি, ঢাকা ও সহ-সভাপতি, বিপিডব্লিউএন এবং আবিদা সুলতানা পিপিএম, এডিসি (লালবাগ), ডিএমপি, ঢাকা ও নির্বাহী সচিব, বিপিডব্লিউএন।
৩. সিলেটফরিদা ইয়াসমিন, এসএস (প্রটেকশন), এসবি, ঢাকা ও যুগ্ম-নির্বাহী সচিব, বিপিডব্লিউএন এবং হামিদা পারভীন, সহ-অধিনায়ক (অতিঃ পুলিশ সুপার), ৫ এপিবিএন, উত্তরা, ঢাকা ও সমাজকল্যাণ সম্পাদক, বিপিডব্লিউএন।

## নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে নারী পুলিশের ভূমিকা বিষয়ক কর্মশালাঃ

বিপিডব্লিউএন, পিআরপি ও উইমেন সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন ডিভিশনের সাথে সমন্বিত উদ্যোগে গত ০১অক্টোবর ২০১৩ ইং তারিখে রাজারবাগ টেলিকম অডিটোরিয়ামে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে নারী পুলিশের ভূমিকা বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় রাজারবাগ স্কুল এন্ড কলেজের ১০০ জন ছাত্র ছাত্রী, তাদের অভিভাবক এবং এনজিও প্রতিনিধিগণ যোগদান করেন। এই অনুষ্ঠানে নারী ও শিশু নির্যাতন বিষয়ে সচেতনতা, সহিংসতা প্রতিরোধে নারী পুলিশের ভূমিকা ও শিক্ষার্থীদের ভবিষ্যতে পুলিশ বিভাগে যোগদানে উদ্বুদ্ধকরণ বিষয়ে পেপার প্রেজেন্টেশন উপস্থাপন করেন এডিসি ফাতিহা ইয়াসমিন। এই বিষয়ে উপস্থিত ছাত্র-ছাত্রীদের সাথে উন্মুক্ত আলোচনা করা হয়।






বিপিডব্লিউএন কার্যনির্বাহী কমিটির সদস্যগণ নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে নারী পুলিশের ভূমিকা বিষয়ক কর্মশালায় মতবিনিময় করেন।

**বিপিডব্লিউএন-এর 'বাৎসরিক কর্মপরিকল্পনা-২০১৪' কর্মশালা :**

বিপিডব্লিউএন-এর উদ্যোগে ও পিআরপি-র পৃষ্ঠপোষকতায় গত ০৯ ফেব্রুয়ারী ২০১৪ খ্রিঃ তারিখে নক্ষত্রবাড়ি, গাজীপুর-এ ' বিপিডব্লিউএন-এর বাৎসরিক কর্মপরিকল্পনা-২০১৪' শীর্ষক এক দিনের কর্মলাশালা অনুষ্ঠিত হয়। আবিদা সুলতানা পিপিএম, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (লালবাগ বিভাগ), ডিএমপি, ঢাকা ও নির্বাহী সচিব, বিপিডব্লিউএন-এর সঞ্চালনায় এবং উপ-পুলিশ কমিশনার (উইমেন সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন), ডিএমপি, ঢাকা ও সহ-সভাপতি বিপিডাব্লিউএন শামীমা বেগম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিলি বিশ্বাস পিপিএম, অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ডিএমপি, ঢাকা ও সভাপতি, বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়ার্ক।




বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফৌওজিয়া খোন্দকার ইভা, জেন্ডার স্পেশালিষ্ট, পিআরপি, রখফার সুলতানা খানম পিপিএম, এআইজি (কল্যাণ), বাংলাদেশ পুলিশ এবং আমেনা বেগম, পুলিশ সুপার, রাঙ্গামাটি জেলা। উদ্বোধনী পর্ব ও কর্মশালা এই দুইটি পর্বে এ কর্মশালা পরিচালিত হয়। কর্মশালায় বিপিডব্লিউএন কার্যনিবার্হী কমিটির সদস্য, সকল বিভাগীয় ও আঞ্চলিক কমিটির প্রতিনিধিসহ বিভিন্ন পদমর্যাদার মোট চৌত্রিশ জন নারী পুলিশ অংশনেন। কর্মশালার উদ্বোধনী পর্বে বিপিডব্লিউএন এর বর্তমান কমিটির দায়িত্ব গ্রহণের পর হতে এ যাবত সম্পন্ন বিভিন্ন কার্যক্রমের উপর একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন আবিদা সুলতানা পিপিএম, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (লালাবাগ বিভাগ), ডিএমপি, ঢাকা ও নির্বাহী সচিব, বিপিডব্লিউএন। এতে বিপিডব্লিউএন কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম, রেঞ্জ কো-অর্ডিনেশন কমিটি গঠন এবং বিপিডব্লিউএন এর সামগ্রিক কাজের অগ্রগতি ও সাফল্য সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য উপস্থাপন করা হয়। কর্মশালার মূল পর্বে শামিমা বেগম, উপ-পুলিশ কমিশনার (উইমেন্স সাপোর্ট এ্যান্ড ইনভেস্টিগেশন), ডিএমপি, ঢাকা ও সহ-সভাপতি, বিপিডব্লিউএন (ক) বিপিডাব্লিউএন এর কর্মপরিকল্পনা ২০১৪ প্রণয়ন এবং (খ) বিপিডাব্লিউএন এর আঞ্চলিক কার্যক্রম সংক্রান্তে দুটি পৃথক সেসন পরিচালনা করেন। যাতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

**ক. বিপিডাব্লিউএন এর কর্মপরিকল্পনা ২০১৪ প্রণয়ন সংক্রান্তে গৃহিত সিদ্ধান্ত ঃ**

১ । রেঞ্জ ও বিভাগীয় কো-অর্ডিনেশন কমিটি গঠন ও মতবিনিময় সভার আয়োজন ।

২ । বিপিডব্লিউএন এর রেজিস্ট্রেশন সম্পন্ন, সদস্য ফি নির্ধারন ও প্রণয়ন ।

৩ । বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়ার্ক এর ডাটাবেইজ প্রণয়ন ।

৪ । দ্বিতীয় জাতীয় সম্মেলনের আয়োজন ।

৫ । শিক্ষা প্রতিষ্ঠানে মাদক, যৌতুক, বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন সম্পর্কে প্রচারণা করা ।

৬ । তথ্য প্রযুক্তির মাধ্যমে প্রতারণা বিষয়ক সচেতনতামূলক প্রচারণা ।

৭ । নারী ও শিশু বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস সমূহ বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে উদযাপন ।

৮ । বাংলাদেশ পুলিশের নারী সদস্যদের কম্পিউটার, ড্রাইভিং ও ইংরেজী ভাষায় দক্ষতা বৃদ্ধিতে বিশেষ প্রশিক্ষণ প্রদান ।

৯ । পুলিশ বাজেটে বিপিডব্লিউএন এর জন্য জেন্ডার বিষয়ক বাজেট অন্তর্ভুক্ত করণের প্রস্তাবনার উদ্যোগ গ্রহণ ।

১০ । কমিউনিটির সাথে নারী পুলিশের সংখ্যা সাম্যের প্রয়োজনীয়তা বিষয়ক মতবিনিময় কর্মশালা আয়োজন ।

১১ । নারী ও শিশুর প্রতি সহিংসতার চাঞ্চল্যকর ঘটনার ক্ষেত্রে প্রয়োজনীয় আইনী সহায়তা প্রদানে সমন্বয় সাধন করা ।

১২ । বিপিডব্লিউএন এর কার্যনির্বাহী কমিটি এবং আঞ্চলিক কো-অডিনেশন কমিটির সদস্যবৃন্দ কর্তৃক ভিকটিম সার্পোট সেন্টার সমূহ এবং ডে কেয়ার সেন্টার পরিদর্শন করা ।



**কর্মশালায় দলীয় আলোচনারত অংশগ্রহনকারী নারী পুলিশ সদস্যগণ**



কর্মশালায় যোগদানকারী নারী পুলিশ সদস্যদের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন মিলি বিশ্বাস পিপিএম, অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ডিএমপি, ঢাকা ও সভাপতি, বিপিডব্লিউএন

**খ. বিপিডাব্লিউএন এর আঞ্চলিক কার্যক্রম সংক্রান্তঃ**

সভায় বিপিডব্লিউএন এর বিভাগীয় কমিটির কার্যক্রম সংক্রান্তে নিম্নরূপ আলোচনা গৃহীত হয় ।

(ক) কো-অর্ডিনেশন কমিটি কেন্দ্রীয় কমিটির সহিত যোগাযোগ/সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করবেন ।

(খ) গঠিত কমিটি প্রতি তিনমাস পর-পর রেঞ্জ/মেট্রোপলিটন কনফারেন্স আয়োজন করবেন ।

(গ) কনফারেন্সে উত্থাপিত নারী পুলিশের সমস্যাদি চিহ্নিত করে তা সমাধানের চেষ্টা করবেন ।

(ঘ) কর্মক্ষেত্রে বিভিন্ন বাধা উত্তরণের সঠিক উপায় চিহ্নিত করে কার্যবিবরণীর আকারে সেন্ট্রাল কমিটির নিকট প্রেরণ করবেন ।

(ঙ) কর্মদক্ষতা বৃদ্ধি, দায়িত্ব সচেতনতা, ব্যক্তি ও পারিবারিক জীবনে আত্মমর্যাদা বোধ ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে পরামর্শ ও মতবিনিময় করবেন ।

(চ) International Association of Women Police (IAWP) এর সদস্য হবার মাধ্যমে বিশ্বব্যাপী লব্ধ জ্ঞান ও ধারণার অভিজ্ঞতা বিনিময় করবেন ।

(ছ) উত্তম কাজের জন্য সদস্যদের মধ্যে পুরস্কার প্রদান/প্রসংশাপত্র প্রদানের বিষয়টি আলোচনা হয় । এ সংক্রান্তে পরবর্তী মিটিং-এ কমিটি গঠন করার মাধ্যমে সকলের মতামত সাপেক্ষে সিদ্ধান্ত গৃহীত হবে ।

(জ) সরকারী ও বেসরকারী উদ্যোগে আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপে নারী পুলিশ সদস্যদের অংশগ্রহণের মাধ্যমে পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করার ব্যবস্থা গ্রহণ করবেন ।

(ঝ) কর্মক্ষেত্রে কোন সদস্য যৌন হয়রানীর শিকার হলে তার প্রতিকারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন ।

(চ) রেঞ্জ/মেট্রোপলিটন কো-অর্ডিনেশন কমিটির কোন সদস্যের অন্য কোথাও বদলী হইলে সভাপতি বিপিডব্লিউএন বরাবর পত্র প্রেরণ ও হেল্পলাইনে (০১৭৮৬-০০০৩১৩) অবহিত করতে হবে ।

এ ছাড়াও ঢাকায় অনুষ্ঠিতব্য পরবর্তী সম্মেলনে আগত কো-অর্ডিনেশন কমিটির সকল সদস্যকে তাদের দায়িত্ব ও কর্তব্য সম্মন্ধে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

**সচেতনতামূলক প্রচারনায় বিপিডব্লিউএনঃ**

বিপিডব্লিউএন-এর উদ্যোগে ১০ এপ্রিল ২০১৪ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় দক্ষিণ কেরানীগঞ্জ থানা, ঢাকা জেলাধীন চুনকুটিয়া উচ্চ বালিকা বিদ্যালয়ের নবম ও দশম শ্রেণীর দুইশত পঞ্চাশ জন ছাত্রীদের সাথে **"কর্মে, প্রেরণায় এবং ক্ষমতায়নে নারী পুলিশ"** শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মিলি বিশ্বাস পিপিএম, অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ডিএমপি, ঢাকা ও সভাপতি বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়ার্ক (বিপিডব্লিউএন) । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব হাবিবুর রহমান, বিপিএম, পিপিএম, পুলিশ সুপার, ঢাকা জেলা এবং চুনকুটিয়া উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক কে এম ইলিয়াস । অনুষ্ঠানে বাংলাদেশ পুলিশের এসবি, সিআইডি, জেলা পুলিশ, র‌্যাব, এপিবিএন, এসপিবিএন, টিডিএস, ডিএমপিসহ বিভিন্ন ইউনিটে নারী পুলিশ কর্মকর্তারা তাদের পুলিশে যোগদানের প্রেক্ষাপট এবং নারী পুলিশ হিসাবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা তুলে ধরেন ।








কেরানীগঞ্জ থানা, ঢাকা জেলাধীন চুনকুটিয়া উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের সাথে মতবিনিময় অনুষ্ঠানে উপস্থিত মিলি বিশ্বাস পিপিএম, অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ডিএমপি, ঢাকা ও সভাপতি, বিপিডব্লিউএন এবং বিশেষ অতিথি হাবিবুর রহমান, বিপিএম, পিপিএম, পুলিশ সুপার, ঢাকা জেলা ও বিপিডব্লিউএন সদস্যবৃন্দ ।

অনুষ্ঠানে বক্তারা তাদের বক্তব্যে বলেন যে, পুলিশিং এ নারীদের ভূমিকা অনেক বেশী ইতিবাচক। বাংলাদেশ পুলিশের নারী সদস্যরা বিশ্বপরিমন্ডলের সাথে তাল মিলিয়ে বৈশ্বিক নেটওয়ার্কের মাধ্যমে নিজেদের যোগ্যতাকে দৃশ্যমান পর্যায়ে আনার পাশাপাশি প্রতিটি কর্মক্ষেত্রে নেতৃত্ব প্রদানের প্রয়োজনীয় যোগ্যতা অর্জনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। নিজেদের দক্ষতার উপর ভিত্তি করে কর্মক্ষেত্রে নেতৃত্ব প্রদান করার মাধ্যমে নারী পুলিশ সদস্যগণ ইতোমধ্যে জাতিসংঘ মিশনসহ বিভিন্ন গুরত্বপূর্ণ পদে কাজ করেছেন। বর্তমানে ডিএমপির উইমেন ডিভিশন এন্ড ইনভেস্টিগেশন নামক একটি পৃথক ইউনিটের মাধ্যমে মামলা তদন্ত থেকে শুরু করে মামলার চূড়ান্ত পর্যায় পর্যন্ত নারী পুলিশ কাজ করছে। ১৯৭৪ সালে ১৪ জন নারীর পুলিশে যোগদানের মাধ্যমে নারী পুলিশের যে অগ্রযাত্রা সূচিত হয়েছিল বর্তমানে তা এসে দাড়িয়েছে ৬৮৫৩ জন। অনুষ্ঠানে উপস্থিতি কোমলমতি ছাত্রীরা উপস্থিত নারী পুলিশদের বিভিন্ন প্রশ্ন করেন এবং আগামী দিনে পুলিশ পেশায় যোগদানের জন্যও আগ্রহ প্রকাশ করে।

**পদকপ্রাপ্ত নারী পুলিশসদস্যদের সংবর্ধনায় বিপিডব্লিউএন:**

এবছর অথার্ৎ ২০১৪ সালে বাংলাদেশ পুলিশের তিনজন নারী সদস্য বাংলাদেশ পুলিশের সবোর্চ্চ পুরষ্কার বিপিএম/পিপিএম পদক অর্জন করেন, যাদের মধ্যে দুজন বিপিডব্লিউএন-এর নিবার্হী কমিটির সদস্য। তারাঁ হলেন সহ-সভাপতি, বিপিডব্লিউএন, শামীমা বেগম, ডিসি (উইমেন ইনভেস্টিগেশন এন্ড ভিক্টিম সাপোর্ট) ডিএমপি, ঢাকা এবং যুগ্ন-নির্বাহী সচিব- ফরিদা ইয়াসমিন, এস এস, এসবি। বিপিডব্লিউএন এর উদ্যোগে তাদেরঁ দুজনকে সংর্বধণা প্রদান করা হয়েছে। এছাড়া অতিরিক্ত আইজি পদে পদোন্নতি প্রাপ্ত বাংলাদেশ পুলিশের প্রথম নারী সদস্য ফাতেমা বেগম মহোদয়কেও ফুল দিয়ে শুভেচ্ছা জানায় বিপিডব্লিউএন।



**মহান স্বাধীনতা দিবসে বিপিডব্লিউএন সদস্যদের রাজারবাগ স্মৃতিসৌধে পুস্পার্ঘ অর্পণ:**

বিগত মহান স্বাধীনতা দিবস ২৬ মার্চ ২০১৪ তারিখে বিপিডব্লিউএন-এর উদ্যেগে সভাপতি মিলি বিশ্বাস পিপিএম অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ডিএমপি, ঢাকা-এর নের্তৃত্বে বিপিডব্লিউএন-এর সদস্যরা রাজারবাগ স্মৃতিসৌধে পুস্পার্ঘ অর্পণ করে।



**International Association of Women Police (IAWP)- এর ৫১ তম বার্ষিক প্রশিক্ষণ সম্মেলনে যোগদানঃ** গত ২১ থেকে ২৬ সেপ্টেম্বর ২০১২ খ্রিঃ তারিখে সাউথ আফ্রিকার ডারবানে ইন্টার ন্যাশনাল এসোসিয়েশন অব উইম্যান পুলিশ (আইএ ডব্লিউপি)-র ৫১ তম বার্ষিক প্রশিক্ষণ সম্মেলন অনুষ্ঠিত হয়। বাংলাদেশ পুলিশ উইম্যান্স নেটওয়ার্ক (বিপিডব্লিউএন)-এর সভাপতিসহ ৫ জন প্রতিনিধি সম্মেলনে অংশ গ্রহন করে। এ সম্মেলনে বিপিডব্লিউএন এর বিগত কার্যনিবার্হী কমিটির সভাপতি, ডিআইজি, সিআইডি, জনাব রওশন আরা বেগম এর IAWP-র সম্মান জনক International Recognition and Scholarship award-২০১৩ এবং আল বেলী আফিফা, অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ সদর দপ্তর Excellence in Performance Award ২০১৩ অর্জন করেন।



**বিপিডব্লিউএন-এর সদস্যদের ২য় এশিয়া রিজিওন উইমেন পুলিশ কনফারেন্স-এ যোগদানঃ**

গত ১৯-২৪ এপ্রিল ২০১৪ ইন্দোনেশিয়া পুলিশের উদ্যেগে আয়েজিত জাকার্তা সেন্টার ফর ল' এনফোর্সমেন্ট কো-অপারেশন সেমারাং, সেন্ট্রাল জাভা, ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত THE 2nd ASIA REGIONAL **WOMEN POLICE** CONFERENCE-এ যোগদান করেন বিপিডব্লিউএন-এর সভাপতি মিলি বিশ্বাস পিপিএম অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ডিএমপি, ঢাকা-এর নের্তৃত্বে বাংলাদেশ পুলিশের চার জন নারী সদস্য এরা হলেন- আমেনা বেগম, পুলিশ সুপার, রাঙ্গামাটি জেলা-সদস্য, বিপিডব্লিউএন, রেবেকা সুলতানা, এআইজি ক্রাইম-৪, পুলিশ হেডকোয়ার্টারস, সহ-সভাপতি- বিপিডব্লিউএন, শেহেলো পারভীন, অতিঃ পুলিশ সুপার, টিডিএস, মিল ব্যরাক, ঢাকা, অর্থ সম্পাদক- বিপিডব্লিউএন।



**পুলিশ সপ্তাহ ২০১৪ উপলক্ষ্যে ব্রুশিয়ার প্রকাশঃ**
পুলিশ সপ্তাহ ২০১৪ উপলক্ষ্যে বিপিডব্লিউএন-এর উদ্যেগে একটি ব্রুশিয়ার প্রকাশ করা হয় । এটি বার্ষিক পুলিশ সপ্তাহের প্যারেড-এর অনুষ্ঠানে ডিটেকটিভ পত্রিকার সাথে সকল অতিথিদের মাঝে এবং বিপিডব্লিউএন কমিটির সকল সদস্যদের মধ্যে বিতরন করা হয় ।

পুলিশ নারীর সামর্থ ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জাতীয় এবং আন্তর্জাতিকভাবে নারীর উন্নয়নের জন্য গৃহীত লক্ষ্য বাস্তবায়নে সংশ্লিষ্ট ক্ষেত্রে নেতৃত্ব প্রদানের যোগ্যতা অর্জন করার যে লক্ষ্য ও বাংলাদেশ পুলিশে নারীর অবস্থান সুদৃঢ় করার যে উদ্দেশ্য নিয়ে বিপিডব্লিউএন গঠিত হয়েছিল তা পূরণে আন্তরিকতা ও নিষ্ঠা নিয়ে দায়িত্ব পালন করে যাচ্ছে বিপিডব্লিউএন । এছাড়া বাংলাদেশ পুলিশে নারীর ক্ষমতায়ন ও সংখ্যা বৃদ্ধি করণ ও নীতি নির্ধারণ প্রক্রিয়ায় পুলিশ নারীর আংশগ্রহন নিশ্চিত করাসহ

- বিভিন্ন সরকারী ও আন্তর্জাতিক কর্মক্ষেত্রে পুলিশ নারীর অংশগ্রহণ বৃদ্ধি করা
- পুলিশ নারীর শিক্ষা,স্বাস্থ, সামাজিক মর্যাদা, ও অর্থনৈতিক সামর্থ্যসহ সকল প্রকার কল্যানমূলক কার্যক্রম গ্রহন করা, চাকুরীর ক্ষেত্রে আইনানুগ ও ন্যায়সংগত অধিকার ও সুযোগ সুবিধা প্রতিষ্ঠায় পদক্ষেপ গ্রহণ
- দক্ষতা বৃদ্ধির জন্য, প্রশিক্ষণ, সভা, সেমিনার, ইত্যাদি আয়োজন করা, নিয়োগ, পদায়ন , পদোন্নতি ইত্যাদির ক্ষেত্রে অধিকার সমুন্নত রাখার জন্য কার্যক্রম গ্রহন করা
- সদস্যদের মধ্যে মিথস্ক্রিয়া বৃদ্ধির মাধ্যমে সহযোগিতার ক্ষেত্র ও সুযোগ চিহ্নিত করা
- অন্যান্য সহযোগী সংস্থা ও গোষ্ঠির সাথে কার্যকরী যোগাযোগ প্রতিষ্ঠার মাধ্যমে নারীর উন্নয়নে ফলপ্রসু উদ্যোগ গ্রহণ করা ইত্যাদির উদ্দেশ্য পূরণ ও অদুর ভবিষ্যতে বিপিডব্লিউএন আর্ন্তজাতিক নেটওর্য়কের সাথে সংযুক্ত হওয়ার মাধ্যমে পেশাদারিত্বের উন্নয়ন সাধনে আরো বেশী সফলকাম হবে এই প্রত্যয় আমাদের সকলের ।

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
লালবাগ বিভাগ, ডিএমপি, ঢাকা
ও

নির্বাহী সচিব, বিপিডব্লিউএন’